চেয়ারম্যানের কার্যালয়

# জামির্ত্তা ইউনিয়ন পরিষদ

(আবুল হোসেন, চেয়ারম্যান, মোবাইল নং ঃ ০১৭৮৭৫৮৮৩৬০)
পোঃ জামির্ত্তা, উপজেলা ঃ সিংগাইর, জেলা ঃ মানিকগঞ্জ।

উন্নয়নের গণতন্ত্র, শেখ হাসিনার মূলমন্ত্র, শেখ হাসিনার দর্শন, বাংলাদেশের উন্নয়ন, শেখ হাসিনার দর্শন সব মানুষের উন্নয়ন

স্মারক নং-২০২৪-২৩ তারিখঃ-০৫-০৩-২০২৪ইং

বরাবর
উপপরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার
মানিকগঞ্জ।

মাধ্যমঃ উপজেলা নির্বাহী অফিসার
সিংগাইর, মানিকগঞ্জ।

**বিষয়ঃ জামির্ত্তা ইউনিয়নের ফেব্রুয়ারি/২০২৪ইং মাসের সভার রেজুলেশন কপি প্রেরণ প্রসঙ্গে।**

মহোদয়,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য **জামির্ত্তা ইউনিয়নের ফেব্রুয়ারি/২০২৪ইং মাসের সভার রেজুলেশন** কপি তৈরি করিয়া অত্র সঙ্গে প্রেরণ করিলাম।

সংযুক্তঃ **১। জামির্ত্তা ইউনিয়নের ফেব্রুয়ারি/২০২৪ইং মাসের সভার রেজুলেশন ০১ (এক) কপি।**

০৫/০৩/২০২৪
আবুল হোসেন
চেয়ারম্যান
জামির্ত্তা ইউনিয়ন পরিষদ
সিংগাইর, মানিকগঞ্জ।

জামির্ত্তা ইউনিয়ন পরিষদের ফেব্রুয়ারি/২০২৪ইং মাসের ইউনিয়ন উন্নয়ন ও সমন্বয় কমিটির
মাসিক সাধারণ সভার কার্য বিবরণী

সভার নং- ০৮/২০২৩-২০২৪

সভার স্থানঃ জামির্ত্তা ইউপি অফিস
সভার তারিখঃ ১৮-০২-২০২৪ইং
সভার সময়ঃ সকাল ১০.০০ঘটিকা

সভায় উপস্থিত সদস্যাগণের নাম

| ক্রঃ নং | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব আবুল হোসেন | চেয়ারম্যান জামির্ত্তা ইউপি |
| ২. | পারভীন আক্তার | সদস্য জামির্ত্তা ইউপি |
| ৩. | সালমা বেগম | সদস্য জামির্ত্তা ইউপি |
| ৪. | মর্জিনা খাতুন | সদস্য জামির্ত্তা ইউপি |
| ৫. | আব্বাস উদ্দিন | সদস্য জামির্ত্তা ইউপি |
| ৬. | মোতালেব হোসেন | সদস্য জামির্ত্তা ইউপি |
| ৭. | আলী | সদস্য জামির্ত্তা ইউপি |
| ৮. | কুদ্দুস মিয়া | সদস্য জামির্ত্তা ইউপি |
| ৯. | মোঃ রিয়াদ হোসেন | সদস্য জামির্ত্তা ইউপি |
| ১০. | মোঃ তারা মিয়া | সদস্য জামির্ত্তা ইউপি |
| ১১. | মামুন মোল্লা | সদস্য জামির্ত্তা ইউপি |
| ১২. | মোহাম্মদ জসিম উদ্দিন | সদস্য জামির্ত্তা ইউপি |
| ১৩. | সাইফুল ইসলাম | সদস্য জামির্ত্তা ইউপি |
| ১৪. | দিলরুবা আক্তার | প্রধান শিক্ষক, সরকারি প্রাথমিক বিদ্যালয় |
| ১৫. | পুষ্প সাহা | প্রধান শিক্ষক, নোয়াদ্দা রাজ নগর সরকারি প্রাঃ বিঃ |
| ১৬. | রৌশন আরা আক্তার | প্রধান শিক্ষক, ৯৩নং উত্তর বকচর সরকারি প্রাঃ বিঃ |
| ১৭. | প্রতিভা সরকার | প্রধান শিক্ষক, ৪৩নং হাতনী কাঞ্চন নগর সরকারি প্রাঃ বিঃ |
| ১৮. | সুরমা আক্তার | সহকারী শিক্ষক, ৯৭নং জামির্তা সরকারি প্রাথমিক বিদ্যালয় |
| ১৯. | মোঃ আব্দুল কুদ্দুস | ইউএলএসএও |
| ২০. | রহিমা বেগম | এসএসিএমও |
| ২১. | মোঃ আবুল কালাম আজাদ | প্রধান শিক্ষক, বাজনাসুর সরকারি প্রাঃ বিঃ |
| ২২. | মোঃ লতিফ হোসেন | প্রধান শিক্ষক, ৮৮নং জামির্ত্তা সরকারি প্রাঃ বিঃ |
| ২৩. | মোঃ উসমান গনি | উদ্যোক্তা |
| ২৪. | মোঃ শরীফুল ইসলাম | ইমাম |
| ২৫. | রেহানা বেগম | এইচওএ |
| ২৬. | মোঃ আনিসুর রহমান | এফপিআই |
| ২৭. | রুমা আক্তার | এফডব্লিউএ |
| ২৮. | মোহাম্মদ মনিরুজ্জামান | এসএএও |
| ২৯. | শাহীন হোসেন | এইচএ |
| ৩০. | বেলায়েত হোসেন | উপ-সহকারী পশু সম্পদ কর্মকর্তা |
| ৩১. | মোঃ আমান উল্লাহ | আনসার ভিডিপি ইউনিয়ন দল নেতা |
| ৩২. | মোঃ সুলতান আলী | ইউনিয়ন সমাজকর্মী |
| ৩৩. | মোঃ ওয়াসিম আকরাম | ওয়েভ ফাউন্ডেশন |
| ৩৪. | মোঃ মাহবুব হোসাইন | ওয়েভ ফাউন্ডেশন |
| ৩৫. | নাছরীন আক্তার | উপসহকারী কৃষি অফিসার |

সত্যায়িত

১। অদ্য ১৮-০২-২০২৪ইং তারিখ রোজ রবিবার বেলা ১০.০০ঘটিকার সময় জামির্ত্তা ইউনিয়ন পরিষদ কার্যালয়ে এক মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জামির্ত্তা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আবুল হোসেন সাহেব। অদ্যকার সভায় পূর্ববর্তী সভার মন্তব্য পাঠ করা হয় এবং তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

২। আলোচ্য সূচীঃ ইউনিয়ন কর (ট্যাক্স) আদায় প্রসঙ্গে আলাপ-আলোচনাঃ
অদ্যকার সভায় উপস্তিত সদস্যগণসহ ২০২৩-২০২৪ সনের ইউনিয়ন কর (ট্যাক্স) আদায় কার্যক্রম আরম্ভ করণ প্রসঙ্গে বিস্তারিত আলাপ-আলোচনা করা হয়। ২০২২-২০২৩ অর্থ বছরের ট্যাক্স আদায় কার্যক্রম বিলম্বে শুরু হওয়ায় ২০২৩-২০২৪ অর্থ বছরের ট্যাক্স আদায় কার্যক্রম আরম্ভে বিলম্ব ঘটিতেছে বলিয়া সভায় সভাপতি সাহেব সকলকে অবহিত করেন। সভায় ২০২৩-২০২৪ সনের ট্যাক্স আদায় কার্যক্রম অতিসত্তর শুরু করার ব্যাপারে বিস্তারিত আলাপ-আলোচনা করা হয়। আলাপ-আলোচনান্তে ২০২৩-২০২৪ সনের বাজেটে মোট ১২,০০,০০০/- (বার লক্ষ) টাকা ইউনিয়ন কর (ট্যাক্স) ধার্য করিয়া বাজেট প্রণয়ন করা হয়েছে বিধায় বর্তমান ২০২৩-২০২৪ অর্থ বছরে সকল কর দাকতাগণের উপর কর বৃদ্ধি না করিয়া শুধু অবস্থানগত কারণে (কারণভেদে) কোন কোন কর দাতাগণের কিছু বৃদ্ধি ও কিছু হ্রাস করতঃ এবং এসেসমেন্ট তালিকায় মৃত ব্যক্তিদের নাম পরিবর্তন ও সংশোধন ও বাদ পরা ব্যক্তিদের নাম অন্তর্ভুক্ত করনসহ ট্যাক্স আদায়কারীকে অতিসত্তর ইউপি সদস্যদের সঙ্গে যোগাযোগ পূর্বক বিভিন্ন ওয়ার্ডের এসেসমেন্ট তালিকা প্রযোজন বোধে সংশোধন, সংযোজন ও পরিবর্তনের জন্য সদস্যগণকে অনুরোধ জানাইয়া মন্তব্য সর্ব সম্মতিক্রমে গৃহীত হইল। সদস্যগণ কর্তৃক খসড়া এসেসম্যান্ট তালিকা সংশোধন, সংযোজন ও পরিবর্তনের পর ট্যাক্স আদায়কারীকে চেয়ারম্যান সাহেবের সহিত অতি সত্তর যোগাযোগ পূর্বক ২০২৩-২০২৪ সনের নতুন ট্যাক্স আদায় রেজিষ্টার (এসেসমেন্ট বহি) তৈরি করতঃ রশিদ বহি, দৈনিক আদায় রেজিষ্টার বহি ইত্যাদি প্রয়োজনীয় কাগজ পত্রাদি সরবরাহ করিয়া ২০২৩-২০-২৪ সনের ট্যাক্স আদায় কার্যক্রম দ্রুত আরম্ভ করার নির্দেশ দিয়া মন্তব্য করা গেল এবং তাহা সভায় উপস্থিত সদস্যগণ দ্বারা সর্ব সম্মতিক্রমে গৃহীত হইল।

৩। বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় প্রকল্প দালিখ প্রসঙ্গে আলোচনাঃ
অদ্যকার সভায় উপস্থিত সদস্যগণসহ ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প তালিকা দাখিল প্রসঙ্গে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়। আলাপ আলোচনান্তে নিম্নলিখিত প্রকল্প তালিকা উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

প্রকল্প তালিকা

| ক্রঃ নং | প্রকল্পের নাম |
|---|---|
| ০১ | জামির্ত্তা দবির উদ্দিন ভূইয়ার বাড়ী সংলগ্ন পাকা রাস্তা হইতে ঐ গ্রামের মিজান মাষ্টারের বাড়ী পর্যন্ত রাস্তা আরসিসি করন। |

সত্যায়িত
আবুল হোসেন
চেয়ারম্যান
জামির্ত্তা ইউনিয়ন পরিষদ
সিংগাইর, মানিকগঞ্জ

৬। বিভাগীয় আলোচনাঃ

(ক) পরিবার পরিকল্পনা ও জন্ম নিয়ন্ত্রণঃ

অদ্যকার সভায় উপস্থিত সদস্যগণসহ পরিবার পরিকল্পনা ও জন্ম নিয়ন্ত্রণ কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা করা হয়। অদ্যকার সভায় পরিবার পরিকল্পনা পরিদর্শক মোঃ আনিসুর রহমান উপসস্থিত আছেন। উপস্থিত পরিবার পরিকল্পনা পরিদর্শক জন্ম নিয়ন্ত্রণ কার্যক্রমের বিভিন্ন অগ্রগতি প্রসঙ্গে বিস্তারিত আলোচনা করেন। তিনি সভায় সকলকে জানান যে, জানুয়ারি/২০২৪ইং মাসে ২জন দম্পত্তিকে স্থায়ী পদ্ধতি (মহিলা), ৫জন দম্পত্তিকে দীর্ঘ মেয়াদী পদ্ধতি ইমপ্লান্ট, ২জন দম্পত্তিকে দীর্ঘ মেয়াদী পদ্ধতি আইইউডি, ৯জন দম্পত্তিকে নতুন ইনজেকটেবলস সেবা প্রদান করা হইয়াছে। ফেব্রুয়ারি/২০২৪ইং মাসে ৮টি স্যাটেলাইট ক্লিনিক অনুষ্ঠিত হয়। স্যাটেলাইট ক্লিনিক ও এফডব্লিউসি এর মাধ্যমে গর্ভবতী মায়েদের এএনসি সেবা, প্রসব পরবর্তী সেবা, শিশু, কিশোর কিশোরী সেবা ও সাধারণ রোগীদের সেবা প্রদান করা হয়েছে। দম্পত্তিদের পরিবার পরিকল্পনা পদ্ধতি সম্পর্কে সচেতন ও পদ্ধতি প্রদান করা হয়। জন্ম নিবন্ধন শত ভাগ নিশ্চিত করণে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা প্রদানের পাশাপাশি জনসচেতনতা বৃদ্ধিতে পরিবার পরিকল্পনা বিভাগের মাঠকর্মীগণ নিয়মিত কাজ করিয়া আসিতেছে বলিয়া তিনি জানান।

(খ) স্বাস্থ্য ও ই,পি,আইঃ

অদ্যকার সভায় উপস্থিত সদস্যগণসহ স্বাস্থ্য ও ই,পি,আই বিভাগের কার্যক্রমের উপর বিস্তারিত আলাপ-আলোচনা করা হয়। অদ্যকার সভায় অত্র ইউনিয়নের কর্মরত স্বাস্থ্য সহকারী রেহানা উপস্থিত আছেন। উপস্থিত সহকারী স্বাস্থ্য পরিদর্শক ই,পি,আই বিভাগের কার্যক্রমের বিভিন্ন অগ্রগতি প্রসঙ্গে বিস্তারিত আলাপ আলোচনা করেন। তিনি সভায় উপস্থিত সকলকে জানান যে, জানুয়ারি/২০২৪ইং মাসে ৬২ জনকে পেন্টা-২, ৫৬ জনকে পেন্টা-৩, ৫৪ জনকে হাম, ৬২জনকে বিসিজি এবং ১৫১জন মহিলাকে টিটি টিকা প্রদান করা হইয়াছে। তাহাছাড়া মোট ৫৩জন প্রসূতি মহিলাকে ভিটামিন এ ক্যাপসুল প্রদান করা হইয়োছে। জানুয়ারি/২০২৪ইং মাসে মাঠকর্মীদের মাধ্যমে ৩২জন গর্ভবতী মহিলাদের তালিকা প্রস্তুত করা হইয়াছে। ৩টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে ২৭৮২জনকে স্বাস্থ্য সেবা প্রদান করা হইয়াছে। জন্ম নিবন্ধন শত ভাগ নিশ্চিত করণে স্বাস্থ্য সেবা প্রদানের পাশাপাশি জনসচেতনতা বৃদ্ধিতে স্বাস্থ্য বিভাগের মাঠকর্মীগণ নিয়মিত কাজ করিয়া আসিতেছে বলিয়া তিনি জানান। কাজের অগ্রগতি সন্তোষজনক বলিয়া জানা গেল। মাঠ কর্মীগণ যথাবিহীত দায়িত্ব পালন করিয়া আসিতেছে বলিয়া জানা গেল। ই,পি,আই কর্মসূচী বাস্তবায়ন করিয়া " মা ও শিশুকে অকাল মৃত্যুর হাত হইতে রক্ষা করার জন্য গুরুত্ব আরোপ করতঃ মন্তব্য সর্ব সম্মতিক্রমে গৃহীত হইল।

(গ) কৃষিঃ

অদ্যকার সভায় কৃষি বিভাগের ০২ (দুই) জন উপসহকারী কৃষি কর্মকর্তা উপস্থিত আছেন। তিনি মাঠে চলমান রবি মৌসুমের সরিষার অলটারনাবিয়া ব্লাইট, হোয়াইট মোল্ড ও জাত পোকা রোগ নিয়া বিস্তারিত আলোচনা করেন। বোরো ধানের আদর্শ বীজতলা তৈরি, উপসী জাতের ধানের বীজ সংগ্রহ, বীজতলার আন্ত পরিচর্যা, পিয়াজ, রসুন ও গোল আলু গোড়ায় মাটি তোলে দেওয়া ও সার প্রয়োগ আগাম খরিপ-১ মৌসুমের সবজির বীজতলা ও মাদা তৈরি ও বীজ বপন নিয়া বিস্তারিত আলোচনা করেন। কৃষকগণকে ভাল বীজ সংগ্রহ ও সঠিক নিয়মে চাষাবাদের পরামর্শ প্রদানের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে অনুরোধ করা গেল তাহা সভায় উপস্থিত সদস্যগণ দ্বারা সর্ব সম্মতিক্রমে গৃহীত হইল।

(ঘ) শিক্ষাঃ

অদ্যকার সভায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ০৭ (সাত) জন প্রধান শিক্ষক উপস্থিত আছেন। উপস্থিত প্রধান শিক্ষকগণ তাহাদের বিদ্যালয়ের শিক্ষার মানের অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলাপ-আলোচনা করেন। আলাপ-আলোচনান্তে শিক্ষার মানের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করা হয়। প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অধ্যায়নরত ছাত্র-ছাত্রীগণ যাহাতে বিদ্যালয় হইতে অকালে ঝরে না পড়ে সে বিষয়ে শিক্ষকগণ সভায় উপস্থিত সকলের সাহায্য ও সহযোগিতা কমানা করেন। সভায় উপস্থিত শিক্ষকগণ অত্র ইউনিয়নের যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অদ্যাবধি

শহীদ মিনার নির্মান করা হয় নাই সে সকল বিদ্যালয়ে জরুরী ভিত্তিতে শহীদ মিনার নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান সাহেবের সার্বিক সাহায্য ও সহযোগিতা কামনা করেন।

৭। বিবিধঃ

অদ্যকার সভায় উপস্থিত সদস্যগণসহ ইউনিয়ন পরিষদের কর্মরত গ্রাম পুলিশদের কর্মতৎপরতা ও দায়িত্বপালন সংক্রান্ত ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। অত্র ইউনিয়নের দফাদার ও গ্রাম পুলিশগণ জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে লক্ষ্য মাত্রা অর্জনে যথাযথ দায়িত্ব পালনে সচেষ্ট রহিয়াছে। জন্ম ও মৃত্যু নিবন্ধনে দফাদার ও গ্রাম পুলিশদের ভূমিকা সন্তোষজনক। এব্যাপারে গ্রাম পুলিশ প্রধান দফাদারের দৃষ্টি আকর্ষণ করতঃ গ্রাম পুলিশদের দায়িত্ব পালনে সচেষ্ট হওয়ার নির্দেশ প্রদান করত মন্তব্য সর্ব সম্মতিক্রমে গৃহীত হইল।

অদ্যকার সভায় অন্য কোন আলাপ-আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়া সভার সমাপ্তি ঘোষনা করেন।

সত্যায়িত
০৫/০৩/২০২৪
আবুল হোসেন
চেয়ারম্যান
জামির্তা ইউনিয়ন পরিষদ
সিংগাইর, মানিকগঞ্জ।

স্বাক্ষর/অস্পষ্ট
১৮-০২-২০২৪ইং
আবুল হোসেন
চেয়ারম্যান
জামির্তা ইউনিয়ন পরিষদ
সিংগাইর, মানিকগঞ্জ।